



তফসিল ও ভোটের তারিখ নিয়ে বিভ্রান্তি না ছড়ানোর আহ্বান ইসির



সংগৃহীত ছবি

আগামী জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ও ভোটের তারিখ ঘোষণা নিয়ে অসত্য বা অনুমানভিত্তিক তথ্য প্রকাশ না করতে গণমাধ্যমকে অনুরোধ করেছেন নির্বাচন কমিশনের (ইসি) সিনিয়র সচিব আখতার আহমেদ।

শুক্রবার (৫ ডিসেম্বর) সন্ধ্যায় সাংবাদিকদের তিনি জানান, এখন পর্যন্ত তফসিল নিয়ে কোনও আনুষ্ঠানিক সিদ্ধান্ত হয়নি। কেউ তারিখ প্রচার করলে তা সম্পূর্ণ ব্যক্তিগত হিসাব-নিকাশ ও অনুমানের ভিত্তিতে করা হচ্ছে বলে মন্তব্য করেন তিনি।

পরিবর্তিত প্রেক্ষাপটে গণমাধ্যমের দায়িত্বশীল আচরণ প্রত্যাশা করে ইসি সচিব বলেন, বিভিন্ন প্রতিবেদনে কেউ ১১ ডিসেম্বর তফসিল ঘোষণা-আবার কেউ ফেব্রুয়ারিতে ভোটের সম্ভাবনা তুলে ধরছেন—যা বিভ্রান্তি সৃষ্টি করছে।

এদিকে, আগামী রোববার তফসিল সংক্রান্ত বিষয়ে আনুষ্ঠানিক বৈঠকে বসবে নির্বাচন কমিশন।